

বিদ্যুৎ ব্যাহতির বিজ্ঞপ্তি

দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটানোর জন্য বর্তমান সরকার নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপনের পাশাপাশি পার্শ্ববর্তী দেশ ভারত হতে আরও ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানীর উদ্যোগ গ্রহণ করেছে। এ লব্ধ বিদ্যুৎ বিভাগের আওতাধীন পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর কুষ্টিয়ার ভেড়ামারায় অবস্থিত বাংলাদেশ-ভারত বিদ্যুৎ সঞ্চালন কেন্দ্রের সর্বমত বাড়াতে এইচভিডিসি ২য় ব্লক (৫০০ মেগাওয়াট) নির্মাণ করা হচ্ছে। ইতোপূর্বে স্থাপিত ১ম ব্লকের সঙ্গে নতুন নির্মাণাধীন ২য় ব্লকের সমন্বয় কাজের জন্য আগামী ৮ এপ্রিল ২০১৮ হতে ২০ এপ্রিল ২০১৮ পর্যন্ত উক্ত সঞ্চালন কেন্দ্রের মাধ্যমে ভারত হতে বিদ্যুৎ আমদানি বন্ধ রাখা হবে। ফলে এ সময়ে দেশের সামগ্রিক বিদ্যুৎ চাহিদা পূরণ ও সরবরাহ আংশিকভাবে ব্যাহত হতে পারে।

সর্ব সাধারণের সাময়িক অসুবিধার জন্য বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড আন্তরিকভাবে দুঃখিত। উক্ত কাজে সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।

কিউ, এম, শফিকুল ইসলাম
প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী
এইচভিডিসি ২য় ব্লক প্রকল্প।